

যুগান্তর

প্রিন্ট: ০৬ অক্টোবর ২০২৫, ১০:১৫ এএম

শিক্ষাঙ্গন

সেই অপূর্ব পালকে স্থায়ী বহিষ্কার নর্থ সাউথের, মামলার সিদ্ধান্ত



স্পোর্টস ডেস্ক

প্রকাশ: ০৫ অক্টোবর ২০২৫, ০৫:২৯ পিএম



ছবি: সংগৃহীত

কুরআন অবমাননার ঘটনায় জড়িত শিক্ষার্থী অপূর্ব পালকে স্থায়ীভাবে বহিষ্কার করেছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

রোববার (৫ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা কমিটির জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

একই সঙ্গে এই ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসন মামলা দায়েরের সিদ্ধান্ত নিয়েছে।

নর্থ সাউথ শিক্ষার্থী অপূর্ব পালকে কারাগারে পাঠানোর নির্দেশ

শনিবার (৪ অক্টোবর) রাতে অভিযুক্ত শিক্ষার্থীকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত।

এর আগে গতকাল শনিবার অভিযুক্ত অপূর্ব পালকে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কুরআন অবমাননারত অবস্থায় দেখতে পায় প্রত্যক্ষদর্শীরা। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় প্রক্টোরিয়াল বডি ও নিরাপত্তা বিভাগ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ সময় সাধারণ শিক্ষার্থীরা চরম ধৈর্যের পরিচয় দিয়েছেন সম্প্রতি, সৌহার্দ্য ও সহাবস্থানের পরিবেশ প্রশংসনীয়ভাবে রক্ষা করেছে বলে জানায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।